মেহেরপুরে বিএনপির ১৪ নেতাকর্মী গ্রেফতার

বিশেষ অভিযানে মেহেরপুরের ৩ উপজেলা থেকে বিএনপির ১৪ নেতাকর্মীকে আটক করেছে পুলিশ।এরমধ্যে মেহেরপুর সদর উপজেলা থেকে ৬ জন, গাংনী উপজেলা থেকে ৫ জন ও মুজিবনগর উপজেলা থেকে ৩ জনকে আটক করা হয়েছে বলে জেলা পুলিশের একটি সুত্র নিশ্চিত করেছে।

গতকাল সোমবার (৩০ অক্টোবর) সন্ধ্যা থেকে মঙ্গলবার ভোর পর্যন্ত অভিযান চালিয়ে জেলার বিভিন্ন স্থান থেকে তাদেরকে আটক করা। অভিযান চলমান থাকায় মেহেরপুর জেলা পুলিশের পক্ষ থেকে আনুষ্ঠানিক কোন বক্তব্য দেয়া হয়নি। তবে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ অভিযোগ করেছেন সন্ধ্যা থেকে রাত এগারোটা পর্যন্ত তার দলের মোট ২৪ জন নেতাকর্মীকে আটক করা হয়েছে।

পুলিশের সূত্র থেকে নিশ্চিত হওয়া আটককৃত ১২ জন হলেন, জেলা মুক্তিযোদ্ধা দলের সভাপতি রায়হানুল কবীর, মেহেরপুর জেলা বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলি ভূট্টো, সদর উপজেলা যুবদলের যুগ্ম -আহ্বায়ক আব্দুল আজীজ রাজু, মোনাখালী ইউনিয়ন বিএনপির সহ-সভাপতি টুটুল, জেলা যুবদলের সদস্য তুষার, মুজিবনগর উপজেলা বিএনপির সহ-সভাপতি রমজান, মেহেরপুর সদর উপজেলা বিএনপি নেতা আলাউদ্দিন, জেলা বিএনপির সমবায় বিষয়ক সম্পাদক সাবর আলী, আমদহ ইউনিয়ন বিএনপি নেতা মিলন হালসোনা, বুড়িপোতা ইউনিয়ন ওয়ার্ড বিএনপি নেতা আমিরুল ইসলাম, সহারবাটি ইউনিয়ন ছাত্রদলের সভাপতি আসমাউল হক ও গাংনী পৌরসভা ৬নং ওয়ার্ড যুবদলের সভাপতি মানিক। বাকি দুজনের নাম পরিচয় এখনো জানা যায়নি।

মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলান একটি মামলা ও অভিযানের ব্যাপারে নিশ্চিত করলেও অভিযান চলমান থাকায় কোন আনুষ্ঠানিক বক্তব্য দিতে রাজি হননি।

বিশেষ অভিযানে মেহেরপুর জেলা বিএনপির ১২ নেতাকর্মী আটক

বিভিন্ন অভিযোগে বিশেষ অভিযানে মেহেরপুরের ৩ উপজেলা থেকে বিএনপির ১২ নেতাকর্মীকে আটক করেছে পুলিশ।এরমধ্যে মেহেরপুর সদর উপজেলা থেকে ৫ জন, গাংনী উপজেলা থেকে ৪ জন ও মুজিবনগর উপজেলা থেকে ৩ জনকে আটক করা হয়েছে বলে জেলা পুলিশের একটি সুত্র নিশ্চিত করেছে।

গতকাল সোমবার (৩০ অক্টোবর) সন্ধ্যা থেকে রাত ১১ টা পর্যন্ত অভিযান চালিয়ে জেলার বিভিন্ন স্থান থেকে তাদেরকে আটক করা। অভিযান চলমান থাকায় মেহেরপুর জেলা পুলিশের পক্ষ থেকে আনুষ্ঠানিক কোন বক্তব্য দেয়া হয়নি। তবে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ অভিযোগ করেছেন সন্ধ্যা থেকে রাত এগারোটা পর্যন্ত তার দলের মোট ২২ জন নেতাকর্মীকে আটক করা হয়েছে।

পুলিশের সূত্র থেকে নিশ্চিত হওয়া আটককৃত ১২ জন হলেন, জেলা মুক্তিযোদ্ধা দলের সভাপতি রায়হানুল কবীর, মেহেরপুর জেলা বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলি ভূট্টো, সদর উপজেলা যুবদলের যুগ্ম -আহ্বায়ক আব্দুল আজীজ রাজু, মোনাখালী ইউনিয়ন বিএনপির সহ-সভাপতি টুটুল, জেলা যুবদলের সদস্য তুষার, মুজিবনগর উপজেলা বিএনপির সহ-সভাপতি রমজান, মেহেরপুর সদর উপজেলা বিএনপি নেতা আলাউদ্দিন, জেলা বিএনপির সমবায় বিষয়ক সম্পাদক সাবর আলী, আমদহ ইউনিয়ন বিএনপি নেতা মিলন হালসোনা, বুড়িপোতা ইউনিয়ন ওয়ার্ড বিএনপি নেতা আমিরুল ইসলাম, সহারবাটি ইউনিয়ন ছাত্রদলের সভাপতি আসমাউল হক ও গাংনী পৌরসভা ৬নং ওয়ার্ড যুবদলের সভাপতি মানিক।

মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলান একটি মামলা ও অভিযানের ব্যাপারে নিশ্চিত করলেও অভিযান চলমান থাকায় কোন আনুষ্ঠানিক বক্তব্য দিতে রাজি হননি।

সহকারী অধ্যাপক হিসেবে পদোন্নতি পেলেন ডা. মোহাম্মদ মনজুর উল আলম

জাতীয় অর্থপেডিকস হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটর) এর সহকারী অধ্যাপক হিসেবে পদোন্নতি পেলেন মেহেরপুরের কৃতি সন্তান ডা. মোহাম্মদ মনজুর উল আলম।

তিনি মেহেরপুর বোস পাড়ার প্রফেসর ময়েজউদ্দিনের ছেলে। মেহেরপুর লাইফ কেয়ার হাসপাতালে কনসালটেন্ট হিসেবে প্রতি শুক্রবার রোগী দেখেন এবং অপারেশন করে থাকেন। ডা. মোহাম্মদ মনজুর উল আলমের পরিবারের ভাই, বোন,দুলাভাইসহ ৭ জন এমবিবিএস চিকিৎসক।

তাঁর এ পদোন্নতিতে মেহেরপুর লাইফ কেয়ার হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক সাইফুল ইসলামসহ সকল স্টাফ অভিনন্দন জানিয়েছেন।

গাংনীর নবীনপুরে দোয়াত আলী মাদ্রাসার শুভ উদ্বোধন

গাংনী উপজেলার নবীনপুর ধলার মাঠে দোয়াত আলী মাদ্রাসার শুভ উদ্বোধন করেছেন মেহেরপুর -২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। আজ সোমবার বিকেলে তিনি মাদ্রাসার উদ্বোধন করেন।

মাদ্রাসার পরিচালক দোয়াত আলীর সভাপতিত্বে আলোচনায় বক্তব্য রাখেন নওয়াপাড়া গ্রামের প্রবীণ আওয়ামীলীগ নেতা জাবের আলী মন্ডল,সুজন আলী,রাইফেল আলী,আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান মাস্টার ও মনিরুজ্জামান আতু প্রমুখ।

গাংনী সরকারি ডিগ্রী কলেজের প্রভাষক নাসিরুদ্দিনের সঞ্চালনায় অনুষ্ঠানে স্থানীয় আওয়ামীলীগ নেতা কর্মী উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে সংসদ সদস্য মোহাম্মদ শাহিদুজ্জামান খোকন বলেন, বর্তমানে অন্যান্য শিক্ষার পাশাপাশি ধর্মীয় শিক্ষার গুরুত্ব অপরিসীম। ধর্মীয় শিক্ষায় মানুষের মধ্যে মানবিক গুণাবলী তৈরি হয়। হাদিস এবং কোরআনের প্রকৃত শিক্ষায় শিক্ষিত হলে মানুষ কখনো অপরাধ করবে না। মানুষের দ্বারা মানুষ কখনো ক্ষতিগ্রস্ত হবে না। কোরআনের প্রকৃত ব্যাখ্যা মানুষের মাঝে ছড়িয়ে দিলে মানুষের মধ্যে ভাতৃত্ববোধ তৈরি হবে।
তিনি আরো বলেন,বর্তমান আওয়ামী লীগ সরকারের আমলে অন্যান্য শিক্ষার পাশাপাশি ধর্মীয় শিক্ষার প্রতি অনেক গুরুত্ব দেয়া হয়েছে। মাদ্রাসা সহ অনেক শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করা হয়েছে এবং নতুন নতুন ভবন নির্মাণ করা হয়েছে যা অন্যান্য সরকারের আমলে হয়নি। মাদ্রাসা শিক্ষার্থীদের কারো কাছে হাত না পাতারও আহবান জানান তিনি।

এ বিষয়ে এমপি সাহিদুজ্জামান খোকন বলেন,সবচেয়ে নেককারজনক ঘটনা হচ্ছে মানুষের কাছে হাত পাতা। মুসলমান জাতি সর্বোচ্চ জাতি। সকল ধর্মের চেয়েও মুসলমান ধর্ম বড়। তাই মুসলমান কখনো কারো কাছে হাত পেতে ছোট হবে না। মাদ্রাসা শিক্ষার্থীদের নিয়ে মানুষ অনেক কটুক্তি করে সেই জায়গা থেকে বেরিয়ে আসতে হবে। শিক্ষার্থীদের দিয়ে কখনো কারো কাছে হাত পেতে ছোট করবেননা। তাদেরকে অনেক বড় মানুষ বানাতে সাহায্য করবে মাদ্রাসা শিক্ষকরা। সে ব্যাপারে মাদ্রাসা পরিচালনা কমিটি ও মাদ্রাসার শিক্ষকরা বিষয়টি গুরুত্বের সাথে দেখবেন। নতুন এই শিক্ষা প্রতিষ্ঠানটির প্রতি তিনি সহযোগিতা সাহায্যের হাত বাড়িয়ে দেবেন বলেও তিনি বক্তব্য দেন। সেই সাথে নতুন এই ধর্মীয় শিক্ষা প্রতিষ্ঠানটির উত্তরোত্তর সমৃদ্ধ সাফল্য কামনা করেন।

মুজিবনগরে ডেন্টাল স্বাস্থ্যসেবা কর্মসূচি

ক্যাম্পেইন অনুষ্ঠিত

মুজিবনগরে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে, কমিউনিটির সুবিধাবঞ্চিত মানুষ বিশেষ করে মহিলা ও বাচ্চাদের দাঁতের রোগের চিকিৎসা এবং ডেন্টাল স্বাস্থ্যসেবা কর্মসূচির ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকালে গুডনেইবারর্স এর বল্লভপুর প্রজেক্ট অফিস চত্বরে এই ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়।

দিন ব্যাপী কমিউনিটির সুবিধাবঞ্চিত মহিলা ও শিশুদের দাঁতের বিভিন্ন রোগের চিকিৎসা দেন মো: কামরুল হাসান রিদয় (বিডিএস, পিজিটি- রাজশাহী)

এ সময় সিডিপি ম্যানেজারঃ বিভব দেওয়ান গুড নেইবারস বাংলাদেশ এর মেডিকেল অফিসার শুভ কুমার মজুমদার হেলথ অফিসার আহসানুল হক উপস্হিত ছিলেন।

নিখোঁজের চারদিন পর অটোচালকের অর্ধগলিত মরদেহ উদ্ধার

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের বিজন (২৬) নামের এক ইজি বাইক চালকের নিখোজ হওয়ার চারদিন পর অর্ধগলিত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। বিজন মোনাখালী গ্রামের আব্দুর রহমানের ছেলে।

গতকাল রবিবার রাত সাড়ে দশটার দিকে প্রত্যক্ষদর্শীরা পুলিশে খবর দিলে মুজিবনগর থানা পুলিশ ও গোয়েন্দা পুলিশের একটি দল ঘটনাস্থলে পৌছে লাশ উদ্ধার করে। তবে কি কারণে এ হত্যা তা পুলিশ এখনো জানাতে পারেনি।

গত বৃহস্পতিবার বিকালে বিজন তার ইজিবাইকে কয়েক ব্যক্তিকে চুয়াডাঙ্গা চুয়াডাঙ্গা নিয়ে যায়। এরপর থেকেই সে নিখোঁজ ছিল। একদিন পর পরিবারের পক্ষ থেকে মুজিবনগর থানায় অভিযোগ করতে গেলে বলা হয় চুয়াডাঙ্গা থানায় অভিযোগ করার জন্য।ঘটনার পরদিন মুজিবনগর উপজেলার ভবানন্দপুর গ্রামের মাঠ থেকে ইজিবাইকটি উদ্ধার করা হলেও তখন বিজনের কোন সন্ধান মেলেনি।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদি রাসেল বলেন, ‘পরিবারের পক্ষ থেকে অভিযোগ পাওয়ার পর আমাদের তদন্ত প্রক্রিয়া চলমান ছিলো। তদন্ত প্রক্রিয়া চলমান আছে, যথাযথ আইনগত ব্যবস্থা নিয়ে হবে। ‘

মেহেরপুর গোয়েন্দা পুলিশের ওসি সাইফুল আলম বলেন,’ অভিযোগের পর অটোচালক বিজনের ফোন বন্ধ ছিল। তবে আমরা তথ্য প্রযুক্তি ব্যবহার করে তদন্তে অনেকটা অগ্রসর হয়েছি। অপরাধীদের শীঘ্রই আইনের আওতায় আনা হবে।’

মেহেরপুরে জেলা আওয়ামী লীগের শান্তি সমাবেশ ও মিছিল

বিএনপি’র অগ্নিসন্ত্রাস,নৈরাজ্য সৃষ্টি ও সহিংস ঘটনার প্রতিবাদে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুরে জেলা আওয়ামী লীগের শান্তি সমাবেশ ও মিছিল অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার (২৯ অক্টোবর) বিকেল সাড়ে ৪ টার দিকে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের নেতৃত্বে একটি বিক্ষোভ মিছিল বের হয়। বিক্ষোভ মিছিলটি শহীদ সামসুজ্জোহা পার্ক থেকে শুরু করে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসন কার্যালয় প্রাঙ্গণে গিয়ে শেষ হয়।

মিছিল শেষে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেন,মেহেরপুরের এই রাজপথ আওয়ামী লীগের নেতৃত্বে আমরা দখলে রাখবো সন্ত্রাস ও বিএনপির অপকর্মের বিরুদ্ধে। যেখানেই ষড়যন্ত্র দেখবো সেখানেই

প্রতিবাদ করবো।

তিনি আরো বলেন,বিএনপির এই ষড়যন্ত্রীরা কোনরকম মুখ দেখিয়ে অলি গলি দিয়ে আজকে পালালো। ওরা পালানোর দল,ওরা পরাজিত অতএব আমরা জানি যারা অপরাধ করে,দেশকে ব্যর্থ রাষ্ট্র করে তাদের কোনো মনোবল থাকে না।

এছাড়াও এসময় জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস,যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহিন,সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোমিনুল ইসলাম,বাংলাদেশ যুব মহিলালীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের সহ-সভাপতি সৈয়দা মোনালিসা, বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহ জামান,শ্যামপুর ইউনিয়নের চেয়ারম্যান মতিউর রহমান মতিন,কুতুপুর ইউনিয়ন চেয়ারম্যান সেলিম রেজা, আমদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান রওশন আলী টোকন,জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুর সালাম বাঁধন প্রমুখ মিছিলে অংশগ্রহণ করেন।

মিছিলটির আগে শহীদ সামসুজ্জোহা পার্কে শান্তি সমাবেশ অনুষ্ঠিত হয়।

বিএনপি জামাতের হরতালের প্রতিবাদে ইয়ারুল ইসলামের নেতৃত্বে মিছিল

বিএনপি জামাতের হরতালের প্রতিবাদে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাডভোকেট ইয়ারুল ইসলামের নেতৃত্বে মিছিলের আয়োজন করা হয়।

রবিবার বিকেলে পুরাতন বাসস্ট্যান্ড সংলগ্ন ফিন টাওয়ারের সামনে থেকে বিএনপি-জামাতের হরতালের প্রতিবাদে মিছিল বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর পৌরসভার সামনে এসে শেষ হয় পরে সেখানে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও মেহেরপুর সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ইয়ারুল ইসলাম বলেন জামাত-বিএনপি শান্তিপূর্ণ তথাকথিত মহাসমাবেশের নামে তারা যে ওরাজগতা করেছে তারা তাদের কথার সাথে এবং জাতির সাথে বেইমানি করে সারা ঢাকা শহরে আওয়ামী লীগের নেতাকর্মীদের উপর হামলা সহ তাদের গাড়িতে অগ্নিসংযোগ ও সাধারণ গাড়িতে অগ্নিসংযোগ আমরা লক্ষ্য করেছি তারপরেও তারা থেমে থাকে নি। কাকরাইলে পুলিশ বক্সে অগ্নিসংযোগ এর মধ্য দিয়ে তারা তাদের অতীতের চেহারা অতীতের চরিত্র পুনরাবৃত্তি ঘটিয়েছে এটা আজকে জাতির কাছে কর্মকাণ্ডের উপর আমরা ধিক্কার জানাই।

প্রতিবাদ মিছিলে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও সাবেক জেলা যুবলীগের সেক্রেটারি সাজ্জাদুল আলম, মেহেরপুর পৌরসভার ২নং ওয়ার্ড কাউন্সিলর ও সদর থানা যুবলীগের সাধারণ সম্পাদক আল মামুন, বুড়িপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুর রেজা, আমঝুপি ইউনিয়ন যুবলীগের সাবেক সভাপতি ও সাবেক ইউপি সদস্য আক্তার হোসেন, শ্যামপুর ৫নং ওয়ার্ড যুবলীগের সভাপতি আশরাফুল আলম, ৪নং ওয়ার্ড যুবলীগ নেতা সুমন, মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ-সভাপতি শোভন সরকার, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সাবেক পরিবেশ বিষয়ক সম্পাদক মাবুদ সহ মেহেরপুর জেলা উপজেলা পর্যায়ের বিভিন্ন নেতা কর্মীর উপস্থিত ছিলেন।

মেহেরপুরে আইনজীবীদের শান্তিপূর্ণ প্রতিবাদ সমাবেশ

বাংলাদেশের প্রধান বিচারপতির বাসভবন সহ সারা দেশে বিএনপি-জামায়াতের হামলা,অগ্নি সন্ত্রাস,নৈরাজ্য সহিংসতার বিরুদ্ধে মেহেরপুরে শান্তিপূর্ণ প্রতিবাদ সমাবেশ করেছে বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী পরিষদ।

বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী পরিষদ আয়োজিত সমাবেশটি আজ রবিবার (২৯ অক্টোবর) দুপুর একটার দিকে শহরের নিমতলায় আইনজীবী ভবনের সামনে

অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী পরিষদের সভাপতি অ্যাডভোকেট একরামুল হক হিরার সভাপতিত্বে প্রতিবাদ সমাবেশ জেলা বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী পরিষদের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এ.কে.এম শফিকুল ইসলাম, সাবেক জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট মিয়াজান আলী, পি.পি অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, জেলা পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম, অ্যাডভোকেট ইব্রাহিম শাহিন প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে হরতালের সমর্থনে বিএনপির ঝটিকা মিছিল

কেন্দ্র ঘোষিত দেশব্যাপী সকাল-সন্ধ্যা হরতালের সমর্থনে ঝটিকা মিছিল করেছে মেহেরপুর জেলা বিএনপি।

আজ রবিবার দুপুর সাড়ে বারোটার দিকে মেহেরপুর জেলা বিএনপি কার্যালয়ের সামনে থেকে মিছিলটি শুরু করে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে পাশের একটি গলিতে গিয়ে শেষ হয়।

মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের নেতৃত্বে সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, বিএনপি নেতা ফজলুল হক, জেলা যুবদলের সভাপতি জাহিদুল ইসলামসহ শতাধিক নেতাকর্মী ঝটিকা মিছিলে অংশ নেন।